

'আর দাবায়ে রাখতে পারবা না'

# গৃহঋণ বার্তা



শেখ হাসিনার ভিশন, সবার জন্য আবাসন

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

১১শ বর্ষ
৩য় সংখ্যা

জুলাই-সেপ্টেম্বর
২০২২খ্রি.

## নতুন ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব গ্রহণ



কার্যভার গ্রহণান্তে নিজ দফতরে মো. আব্দুল মান্নান

অভিজ্ঞ ও প্রতিশ্রুতিশীল ব্যাংকার জনাব মো. আব্দুল মান্নান গত ১১ সেপ্টেম্বর, রবিবার বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)'র ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। বিগত ২০২১ সালের ১৩ সেপ্টেম্বর ব্যবস্থাপনা পরিচালক পদে অভিষিক্ত হওয়ার পর তিনি যথাক্রমে রাষ্ট্রায়ত্ত কর্মসংস্থান ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে অত্যন্ত সফলতার সাথে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালনান্তে বিএইচবিএফসি'র প্রধান নির্বাহীর পদে দায়িত্বভার গ্রহণ করলেন। জনাব মো. আব্দুল মান্নান এদিন পূর্বাহ্নে বিএইচবিএফসি সদর দফতরে এসে পৌঁছালে কর্পোরেশন পরিচালনা পর্ষদ সভাকক্ষে সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ তাঁকে উষ্ণ অভ্যর্থনা প্রদান করেন। এসময় কর্পোরেশনের বিভিন্ন সংগঠনের প্রতিনিধি, উপমহাব্যবস্থাপক ও মহাব্যবস্থাপকবৃন্দ এবং উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রতিষ্ঠানের প্রধান এ নির্বাহীকে বিএইচবিএফসি-তে স্বাগত জানিয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। বক্তাবৃন্দ জনাব মো. আব্দুল মান্নান-এঁর সুযোগ্য নেতৃত্বে কর্পোরেশন উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি লাভ করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। একই সাথে তাঁরা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সার্বিক সফলতাসহ তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। বিএইচবিএফসি'র কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন সংগঠন, ঢাকাস্থ দুটি জোনাল অফিস, ফাংশনাল বিভাগসমূহ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ আলাদা ও যৌথভাবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের হাতে ফুলের তোড়া তুলে দিয়ে তাঁক স্বাগত জানান। প্রদত্ত অভ্যর্থনার জবাবে ব্যবস্থাপনা পরিচালক সকলকে ধন্যবাদ জানিয়ে প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে নিরলস পরিশ্রমের পাশাপাশি মেধা ও মননের সর্বোচ্চ প্রয়োগ করার আহবান জানান।

## জাতির পিতার সমাধিতে ব্যবস্থাপনা পরিচালকের শ্রদ্ধা



জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ শেষে মোনাজাতরত
জনাব মো. আব্দুল মান্নান ও উর্ধ্বতন নির্বাহী কর্মকর্তাবৃন্দ

গত ২৩ সেপ্টেম্বর গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সমাধিতে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান। এদিন অপরাহ্ণ সাড়ে চারটায় তিনি তাঁর সফরসঙ্গীদের সাথে নিয়ে জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। প্রতিষ্ঠানের উপব্যব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম সফরসঙ্গী হিসেবে তাঁর সঙ্গে ছিলেন। বিএইচবিএফসি ফরিদপুর জোনের ব্যবস্থাপক জনাব মীর মখলেসুর রহমান ও গোপালগঞ্জ রিজিওনের ব্যবস্থাপক জনাব মো. ইলিয়াস উদ্দিন মোল্লা এ সময় উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদনের পর ব্যবস্থাপনা পরিচালক জাতির পিতা এবং তাঁর পরিবারের মৃত ও নিহত সকল সদস্যের রুহের মাগফেরাত কামনায় এক দোয়া ও মোনাজাতে অংশ নেন। সবশেষে জনাব মান্নান বঙ্গবন্ধুর সমাধি কমপ্লেক্সে রক্ষিত পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন। উল্লেখ্য, প্রতিষ্ঠানের শীর্ষ এ নির্বাহী গত ১১ সেপ্টেম্বর বিএইচবিএফসি-তে যোগদানের পর তাঁর প্রথম অফিসিয়াল সফরে গোপালগঞ্জ ভ্রমণের শুরুতেই জাতির সর্বকালের সর্বশ্রেষ্ঠ সন্তানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

# বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মদিন পালন

গত ৮ আগস্ট, সোমবার বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯২-তম জন্মবার্ষিকী পালন করে বিএইচবিএফসি। কর্পোরেশন সদর দফতরস্থ পরিচালনা পর্ষদ সভাকক্ষে আলোচনা সভা, দোয়া এবং মোনাজাতের মধ্যদিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম সভায় সভাপতিত্ব করেন এবং দোয়া ও মোনাজাতে অংশগ্রহণ করেন। বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, সকল মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ সভা, দোয়া ও মোনাজাত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও, অফিসার কল্যাণ সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ ও কর্মচারী ইউনিয়ন বিএইচবিএফসি শাখার প্রতিনিধিবৃন্দ এতে অংশগ্রহণ করেন।



পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত মোনাজাতে ব্যবস্থাপনা পরিচালক ও উর্ধ্বতন নির্বাহীবৃন্দ

ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক, একজন করে মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপক এবং প্রতি সংগঠনের একজন করে প্রতিনিধি বঙ্গমাতার জীবন ও কৃতিত্বময় ভূমিকা বিষয়ে তথ্যপূর্ণ আলোচনা করেন। আলোচনা শেষে বঙ্গমাতা এবং ১৫ আগস্ট নিহত তাঁর পরিবার পরিজনের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়। কর্পোরেশনের পিএইচআরডি বিভাগের সিনিয়র অফিসার জনাব মো. ইমতিয়াজুল ইসলাম দোয়া ও মোনাজাত পরিচালনা করেন।

# বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ে আধুনিক বিজ্ঞানাগার ও কম্পিউটার ল্যাব উদ্বোধন



বিজ্ঞানাগার উদ্বোধন শেষে এর বিভিন্ন অংশ পরিদর্শনরত নির্বাহীবৃন্দ

গত ১৯ আগস্ট রাজধানীর উত্তরাস্থ বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ে আধুনিক বিজ্ঞানাগার ও নবগঠিত কম্পিউটার ল্যাব উদ্বোধন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং দুই মহাব্যবস্থাপক যথাক্রমে জনাব মো. জসীম উদ্দীন ও জনাব মো. খাইরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও উপমহাব্যবস্থাপক জনাব মো. রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি'র উর্ধ্বতন নির্বাহী, স্কুল কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা ও উল্লেখযোগ্য সংখ্যক অভিভাবক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অফিস কক্ষে এক মতবিনিময় ও পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সভায় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক বিদ্যালয়টির সার্বিক উন্নয়ন, শিক্ষার মান ও সুনাম বৃদ্ধির জন্য নিরন্তর কার্যকরী নানা পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেন। প্রতিষ্ঠানটির উন্নয়নে ইতিমধ্যে নানা পদক্ষেপ নেওয়ায় জনাব মো. আফজাল করিম-কে এসময় বিদ্যালয় পরিচালনা কমিটির পক্ষ থেকে ভূয়সী প্রশংসা করার পাশাপাশি একটি ক্রেস্ট প্রদানের মাধ্যমে সম্মানিত করা হয়। জনাব করিম-এঁর সোনালী ব্যাংক লি. এ পদায়ন প্রসঙ্গ উল্লখ করে এসময় নতুন প্রতিষ্ঠানে তাঁর সর্বাঙ্গীন সাফল্য কামনা করা হয়।

# মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান



একজন মেধাবী শিক্ষার্থীর হাতে বৃত্তির চেক প্রদান

গত ২০ জুলাই, বুধবার বিএইচবিএফসি কর্মকর্তা-কর্মচারীদের মেধাবী সন্তানদের এককালীন বৃত্তি, স্বীকৃতি সনদপত্র ও পুরস্কার বিতরণ করা হয়। প্রতিষ্ঠান সদর দফতরের ট্রেনিং সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে এ বৃত্তি প্রদান করা হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তাদের হাতে এ বৃত্তি বাবদ নগদ অর্থের চেক, সনদপত্র ও পুরস্কার সামগ্রী তুলে দেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুণ কুমার চৌধুরী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রশাসন বিভাগের আয়োজনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সংশ্লিষ্ট মহাবিভাগের মহাব্যবস্থাপক জনাব মো. জসীম উদ্দীন সভাপতিত্ব করেন। প্রতিষ্ঠানের সকল মহাব্যবস্থাপক, সদর দফতরের সকল উপমহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। বিগত এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত উল্লেখযোগ্য সংখ্যক মেধাবী শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক ভালো ছাত্র হওয়ার পাশাপাশি ভালো মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার জন্য শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। তিনি শিক্ষার্থীদের নানা উপদেশ ও দৃষ্টান্ত দিয়ে উন্নত চরিত্র গঠনের মাধ্যমে পরিবার, সমাজ ও রাষ্ট্রের মূল্যবোধসম্পন্ন সুনাগরিক হওয়ার পরামর্শ প্রদান করেন।

# বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নরকে ফুলেল শুভেচ্ছা



নতুন গভর্নর (বাঁ দিকে) এর হাতে ব্যবস্থাপনা পরিচালক (ডানে) কর্তৃক পুষ্পস্তবক হস্তান্তর।

সম্প্রতি যোগদানকৃত বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব আব্দুর রউফ তালুকদার-কে ফুলেল শুভেচ্ছা জানিয়েছে বিএইচবিএফসি। গত ১২ জুলাই, মঙ্গলবার কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম গভর্নর মহোদয়ের কার্যালয়ে তাঁর হাতে পুষ্পস্তবক তুলে দিয়ে এ শুভেচ্ছা জানান। এসময় বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালক জনাব তালুকদারের সুদীর্ঘ কর্মজীবনে সরকারের গুরুত্বপূর্ণ পদে সফল ও কৃতিত্বপূর্ণ দায়িত্ব পালনের প্রশংসা করেন এবং বর্তমান পদে তাঁর সর্বাঙ্গীন সফলতা কামনা করেন। জনাব আফজাল করিম এসময় জনাব আব্দুর রউফ তালুকদার-এঁর সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু কামনা করেন। বাংলাদেশ ব্যাংকের নয়া গভর্নর সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছার জবাবে বিএইচবিএফসি'র উত্তরোত্তর সফলতা কামনা করে কর্পোরেশনের সকলকে ধন্যবাদ জানান।

# বন্যার্তদের সহায়তায় অর্থের চেক বিতরণ

সিলেট ও সুনামগঞ্জ জেলার বন্যাদুর্গত মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণের লক্ষ্যে দুই লক্ষ টাকার অর্থ সহায়তা দিয়েছে বিএইচবিএফসি। এ অঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া স্মরণকালের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় মানুষের সাথে একাত্মতা প্রকাশের লক্ষ্যে কর্পোরেশনের সিএসআর খাত থেকে এ অর্থ সহায়তা প্রদান করা হয়। বিএইচবিএফসি ব্যবস্থাপনা পরিচালক এঁর পক্ষে কর্পোরেশনের সিলেট জোনের জোনাল ম্যানেজার জনাব মো. গোলাম মোস্তফা ৩ জুলাই সুনামগঞ্জের জেলা প্রশাসক জনাব মো. জাহাঙ্গীর হোসেন-এর হাতে দুই লক্ষ টাকার চেক হস্তান্তর করেন। সুনামগঞ্জ শাখা ব্যবস্থাপক জনাব মো. আবুল কাহার এবং এ অফিসের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। বন্যার্তদের সাহায্যার্থে এ অর্থ সহায়তা প্রদান করায় জেলা প্রশাসক বিএইচবিএফসি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।



সুনামগঞ্জ জেলা প্রশাসকের হাতে অনুদানের চেক হস্তান্তর

# অর্থ বিভাগের সিনিয়র সচিব-কে ফুলেল শুভেচ্ছা

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে যোগদানকৃত সিনিয়র সচিব জনাব ফাতিমা ইয়াসমিন মহোদয়-কে বিএইচবিএফসি'র পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। কর্পোরেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম এবং উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী তাঁর হাতে ফুলের তোড়া তুলে দিয়ে তাঁকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এসময় বিএইচবিএফসি কর্তৃপক্ষ তাঁর সর্বাঙ্গীন মঙ্গল, সফলতা ও সুস্বাস্থ্য কামনা করেন। সিনিয়র সচিব তাঁর প্রতিক্রিয়ায় বিএইচবিএফসি'র সাম্প্রতিক বছর সমূহের অর্জন, অগ্রগতি ও সফলতার প্রসংশা করে ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।



ফাতিমা ইয়াসমিন (ডানে) মহোদয়ের হাতে ফুলের তোড়া তুলে দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক

# মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান প্রদান



সরকার প্রধানের পক্ষে চেক গ্রহন করছেন সিনিয়র সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া (ডানে প্রথম)

গত ৭ জুলাই, বৃহস্পতিবার মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১৫ লক্ষ টাকার অনুদানের একটি চেক হস্তান্তর করে বিএইচবিএফসি। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)-এর সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ'র নেতৃত্বে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ এবং কর্পোরেশনের তৎকালীন ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম অনুদানের এ চেক হস্তান্তর করেন। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব জনাব মো. তোফাজ্জল হোসেন মিয়া সরকার প্রধানের পক্ষে চেকটি গ্রহণ করেন। এফআইডি সচিবের নেতৃত্বে এদিন আরো কয়েকটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এসময় অনুদানের চেক হস্তান্তর করে।

দেশের সিলেট বিভাগসহ বিভিন্ন এলাকায় বন্যাজনিত ভয়াবহ দুর্যোগে ক্ষতিগ্রস্থমানুষের প্রতি সহমর্মিতার নিদর্শনস্বরূপ বিএইচবিএফসি কর্তৃপক্ষ অনুদান প্রদানের মানবিক উদ্যোগ গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীদের একদিনের মূল বেতনের সাথে 'কর্পোরেট সোস্যাল রেসপনসিবিলিটি (সিএসআর)' খাত থেকে অবশিষ্ট অর্থ যোগ করে এ অনুদান প্রদান করা হয়। উল্লেখ্য, বন্যার্তদের সাহায্যার্থে চলতি অর্থবছরের প্রথম কর্মদিবসেই পর্ষদের অনুমোদনক্রমে কর্পোরেশনের সিএসআর খাত থেকে দুই লক্ষ টাকার একটি অনুদানের চেক সিলেটের-সুনামগঞ্জ জেলা প্রশাসকের ত্রাণ তহবিলে প্রদান করা হয়।

# গৃহঋণ সেবা পক্ষ পালন





ব্যবস্থাপনা পরিচালক (মাঝে) এর সভাপতিত্বে বিশেষ সভা


গত ১৫ সেপ্টেম্বর, বৃহস্পতিবার বিএইচবিএফসি'র পর্ষদ সভাকক্ষে **'গৃহঋণ সেবা পক্ষ, ২০২২** এর উদ্বোধন ও কর্মকৌশল পর্যালোচনার্থে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান সভায় সভাপতিত্ব করেন। উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং ৬৩টি শাখা অফিসের লক্ষ্যমাত্রা অর্জন মনিটরিংয়ের দায়িত্বপ্রাপ্ত টিমসমূহের সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভায় বিভিন্ন টিম প্রধানঃ উপমহাব্যবস্থাপক ও টিম-সদস্য, মহাব্যবস্থাপক এবং উপব্যবস্থাপনা পরিচালক বিভিন্ন মতামত ও কর্মকৌশল নিয়ে আলোচনা করেন। সার্বিক আলোচনার পর ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সেবা পক্ষের আনুষ্ঠানিক উদ্বোধনান্তে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন। এরপর গত ২৫ সেপ্টেম্বর, রবিবার চলমান **'গৃহঋণ সেবাপক্ষ,২০২২'** এর অর্জন পর্যালোচনার্থে আরেকটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত এ সভায় ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান সভাপতিত্ব করেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ এবং ব্যবসায়িক লক্ষ্য অর্জন কার্যক্রম মনিটরিংয়ের লক্ষ্যে গঠিত ৭টি টিমের প্রধানঃ উপমহাব্যবস্থাপকবৃন্দ সভাস্থলে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের সকল জোনাল, রিজিওনাল এবং শাখা ব্যবস্থাপকগণ ভার্চুয়ালি সভায় অংশগ্রহণ করেন।

চলতি অর্থবছরের প্রথম ত্রৈমাসিকের দুই মাস অতিবাহিত হওয়া এবং অর্জনের ক্ষেত্রে শতভাগ সাফল্য নিশ্চিত করার তাগিদ থেকে এ সেবাপক্ষ কর্মসূচি গ্রহণ করা হয়। সভায় সেবাপক্ষের প্রথম সপ্তাহ শেষে অফিসসমূহের অর্জন পর্যালোচনা এবং করণীয় বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালকসহ মহাব্যবস্থাপকবৃন্দ সংশ্লিষ্টদের গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

# অনলাইন প্লাটফর্মে 'তথ্য অধিকার আইন বাস্তবায়ন' এবং 'ই-গভর্ন্যান্স ও ইনোভেশন' শীর্ষক দুইটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

গত ৭ সেপ্টেম্বর, ২০২২ তারিখ 'তথ্য অধিকার আইন বাস্তবায়ন' এবং ৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখ 'ই-গভর্ন্যান্স ও ইনোভেশন' শীর্ষক দুইটি প্রশিক্ষণ কোর্স জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। কোর্স দুইটিতে কর্পোরেশনের ৯ম-১৩তম গ্রেডের ২৫ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন।

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব অরুন কুমার চৌধুরী প্রধান অতিথি হিসেবে সংযুক্ত থেকে কোর্স দুইটির শুভ উদ্বোধন ঘোষণা করেন ও প্রতিটি কোর্সে একটি করে সেশন পরিচালনা করেন। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মো: জেহাদ উদ্দিন রিসোর্স পার্সন হিসেবে তথ্য অধিকার আইন-২০০৯ এর উপর দুইটি সেশন পরিচালনা করেন। এছাড়া তথ্য সংরক্ষণ এবং স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ, পদ্ধতি ও নির্দেশিকা, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ভূমিকা, আপিল/অভিযোগ দায়ের ও নিষ্পত্তি ইত্যাদি




বিষয়ের উপর কর্পোরেশনের উপমহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট) জনাব মো. বদিউজ্জামান দুইটি সেশন পরিচালনা করেন। আইসিটি (সিস্টেম) বিভাগের উপমহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ মিজানুর রহমান বিএইচবিএফসি'র উদ্ভাবনী ধারণা ও সেবা সহজিকরণ বিষয়ে একটি সেশন পরিচালনা করেন।

## পর্ষদ অডিট কমিটি

গত ১১ আগস্ট বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে পর্ষদ অডিট কমিটির ৪৮-তম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কর্পোরেশন পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ও কমিটির সভাপতি ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়। সভায় পর্ষদের পরিচালক ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (ভার্চুয়ালি) এবং পরিচালক জনাব তপন কুমার ঘোষ, সাবেক উপব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড উপস্থিত ছিলেন। এছাড়াও, উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকববৃদ সভায় অংশগ্রহণ করেন।



সংক্ষিপ্ত সংবাদ

## পর্ষদের তিনটি সভা অনুষ্ঠিত



গত ২৭ জুলাই, ২১ আগস্ট ও ২৯ সেপ্টেম্বর বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে পর্ষদের ৫১৪, ৫১৫ ও ৫১৬-তম সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ । ৫১৪ ও ৫১৫তম সভায় পরিচালনা পর্ষদের অন্যতম পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম (বর্তমানে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক লি.) এবং ৫১৬তম সভায় পরিচালনা পর্ষদের অন্যতম পরিচালক ও নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান উপস্থিত ছিলেন। পর্ষদের অপর চার পরিচালক যথাক্রমে জনাব অমল কৃষ্ণ মন্ডল, অতিরিক্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ড. মো. হুমায়ুন কবীর চৌধুরী, প্রফেসর, ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, জনাব তপন কুমার ঘোষ, উপস্থিত ছিলেন। এছাড়াও, উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।

## মাসিক সমন্বয় স

গত ৩১ আগস্ট কর্পোরেশনের উ পরিচালকের সভাকক্ষে বিএ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মা সভা অনুষ্ঠিত হয়। ব্যবস্থাপনা পরিচালক (অতি জনাব অরুন কুমার চৌ সভাপতিত্ব করেন। বিএই সকল মহাব্যবস্থাপক, সদ কর্মরত উপমহাব্যবস্থাপ বিভাগসমূহের দ্বিতীয় উর্ধ্বতন অন্যান্য কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থি সভার শুরুতে জনাব অরুন কুম ২০২১-২২ অর্থবছরে এপিএ বাস্তব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে স পেয়ে পুনরায় (টানা তৃতীয়বার) প্রথম করায় সকলকে অভিনন্দন জানান। সবশে কাজের মান, ব্যবসায় ও সেবা ব্যবস্থার উন্নয় পরামর্শ, প্রস্তাব এবং সুপারিশ গ্রহণ করা হয়।



# নিয়মিত সভা



## স্ট্যাডিং কমিটির সভা

গত ১০ আগস্ট বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে কর্পোরেশনের শীর্ষ পর্যায়ের নির্বাহীদের সমন্বয়ে গঠিত স্ট্যান্ডিং কমিটির ৬৩-তম সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের সাবেক ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী কর্পোরেশনের সকল মহাব্যবস্থাপকবৃন্দ ও কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বিভিন্ন বিভাগের উল্লেখযোগ্য সংখ্যক গুরুত্বপূর্ণ এজেন্ডার উপর বিশ্লেষণধর্মী বিস্তারিত আলোচনা হয়। আলোচনা পর্বে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ কর্তৃক উত্থাপিত প্রতিটি বিষয়ে উপস্থিত সকলের আলোচনা ও মতামত মূল্যায়নান্তে ব্যবস্থাপনা পরিচালক সিদ্ধান্ত প্রদান করেন।

## লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা সভা

গত ২৯ আগস্ট বিএইচবিএফসি পরিচালনা পর্ষদ সভাকক্ষে ২০২২-২০২৩ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন পরিস্থিতি পর্যালোচনার্থে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব অরুন কুমার চৌধুরী সভায় সভাপতিত্ব করেন। প্রতিষ্ঠানের সকল মহাব্যবস্থপক এবং সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। এছাড়া সকল জোনাল, রিজিওনাল এবং শাখা ব্যবস্থাপকগণ ভার্চুয়ালি সভায় সংযুক্ত ছিলেন। প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী ও সভার সভাপতি হিসেবে জনাব অরুন কুমার চৌধুরী সামগ্রিক বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও দিক নির্দেশনা প্রদান করেন।



## প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা

গত ৫ সেপ্টেম্বর কর্পোরেশনের রুরাল এন্ড পেরি-আরবান ফাইনান্স প্রজেক্ট (আরপিএইচএফ)-এর বাস্তবায়ন পর্যালোচনার্থে প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের পরিচালনা পর্ষদ অনুষ্ঠিত এ সভায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচাল দায়িত্ব) জনাব অরুন কুমার চৌধুরী সভাপতিত কমিটির অন্যতম সদস্য জনাব মুহাম্মদ শরীফ, সিনিয়র সহকারী সচিব, আর্থিক বিভাগ; সদস্য সচিব ও প্রকল্প পরিচাল মো. শফিকুল ইসলাম মিঞা এবং প্রকল্প পরিচালক জনাব রোকনুজ্জামান এসময় ছিলেন। প্রকল্পে কর্মরত মহাব্যবস্থাপক জনাব নজরুল ইসলাম সভা ও আলোচিত এজে কমিটিকে তথ্য-উ প্রাসঙ্গিক বিষয়ে প্রদান করেন।





# বিএইচবিএফসি'র সাবেক চেয়ারম্যান-এঁর মৃত্যুতে শোক

বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সাবেক চেয়ারম্যান, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা, সাবেক সচিব ও প্রখ্যাত অর্থনীতিবিদ ড. আকবর আলী খান গত ৮ সেপ্টেম্বর, বৃহস্পতিবার ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। অত্যন্ত মেধাবী, গুণী ও দক্ষ এই মানুষটির বহুমাত্রিক কৃতিত্বের কথা স্বল্প পরিসরে বর্ণনা করা সম্ভব নয়। মহান স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণসহ আজকের উন্নয়নশীল বাংলাদেশ বিনির্মানে নিরন্তর কাজ করে যাওয়া কীর্তিমান ব্যক্তিদের অন্যতম ড. আকবর আলী খান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

তাঁর দীর্ঘ ও বর্ণাঢ্য কর্মজীবনের শত ব্যস্ততার মধ্যেও বিগত ২৮.১২.১৯৯১ থেকে ১০.১২.১৯৯২ তারিখ পর্যন্ত তিনি বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। কিংবদন্তীতুল্য কীর্তিমান এ মানুষটির মৃত্যুতে শোকাহত বিএইচবিএফসি পরিবার।

# অফিস সহায়ক জনাব মো. মুর্সেদুজ্জামান এর অকালপ্রয়াণ



বিএইচবিএফসি ময়মনসিংহ জোনাল অফিস-এর অফিস সহায়ক জনাব মো. মুর্সেদুজ্জামান দীর্ঘদিন রোগ ভোগের পর চিকিৎসাধীন অবস্থায় ময়মনসিংহের একটি হাসপাতালে গত ৩১ আগস্ট, ২০২২ বুধবার ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জনাব মুর্সেদুজ্জামান ১৯৭১ সালের ১ মার্চ ময়মনসিংহ জেলা সদরে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বিগত ৯ এপ্রিল ২০১২ তারিখ বিএইচবিএফসি-তে অফিস সহায়ক হিসেবে চাকুরিতে যোগদান করেন। কর্মজীবনে তিনি একজন বিনয়ী ও নিষ্ঠাবান কর্মচারী হিসেবে পরিচিত ছিলেন।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫১ বছর। মরহুম মুর্সেদুজ্জামান স্ত্রী, ২ পুত্র ও ১ কন্যাসহ বহু আত্মীয়স্বজন ও শুভাকাঙ্ক্ষী রেখে গেছেন। ১৪ আগস্ট রবিবার বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ প্রতিষ্ঠানের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে মুর্সেদুজ্জামান-এর মৃত্যুতে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।

# ব্যবস্থাপনা পরিচালক জনাব আফজাল করিম-এঁর বিদায় সংবর্ধনা



বিএইচবিএফসি'র সফলতম ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম মহোদয়ের বিদায় সংবর্ধনা গত ২৫ আগস্ট, বৃহস্পতিবার কর্পোরেশনের সদর দফতরস্থ প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটির উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংবর্ধনায় বিএইচবিএফসি'র চার মহাব্যবস্থাপক ও সদর দফতরের উপমহাব্যবস্থাপকবৃন্দসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী এবং সংগঠনসমূহের নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের মাঠপর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ভার্চুয়ালি অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন। অনুষ্ঠানের সভাপতিসহ ও বক্তাবৃন্দ জনাব মো. আফজাল করিম-এঁর অতুলনীয় নেতৃত্ব, সততা, দক্ষতা, সফলতা এবং তাঁর অনুপম চারিত্রিক গুণাবলীর প্রশংসা করে বক্তব্য রাখেন। বিদায়ী নির্বাহী তাঁর হৃদয়গ্রাহী বক্তব্যে দায়িত্ব পালনকালে সকলের সার্বিক সহায়তার জন্য ধন্যবাদ জানিয়ে প্রতিষ্ঠানটিকে সফলতার শীর্ষে নিয়ে যাওয়ার আহ্বান জানান এবং সকলের মঙ্গল কামনা করেন। উল্লেখ্য, জনাব মো. আফজাল করিম রাষ্ট্রায়ত্ব সোনালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও পদে নিয়োগ পাওয়ায় ২৫ আগস্ট বিএইচবিএফসি-তে তিনি তাঁর কর্মকাল সমাপ্ত করেন।

# তিন মহাব্যবস্থাপকের বিদায়

## মহাব্যবস্থাপক জনাব মো.আতিকুল ইসলাম-এঁর বদলি জনিত বিদায় সংবর্ধনা



গত ১৪ আগস্ট রবিবার বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপক জনাব মো. আতিকুল ইসলাম রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)-এ বদলীজনিত বিদায় সংবর্ধনা প্রতিষ্ঠানের পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংবর্ধনা সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ এবং সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। জনাব আতিকুল ইসলাম দীর্ঘদিন সকলের মনে সম্মানের আসন অলংকৃত করে থাকবেন মর্মে উপস্থিত উর্ধ্বতনবৃন্দ উল্লেখ করেন। বিদায়ী অতিথির বক্তব্যে আতিকুল ইসলাম প্রতিষ্ঠান আয়োজিত বিদায়ী আনুষ্ঠানিকতা এবং তাঁর কর্মজীবনের ইতিবাচক মূল্যায়নের জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জানান।

## মহাব্যবস্থাপক মো. জসীম উদ্দীন-এঁর বিদায় সংবর্ধনা



গত ১৪ সেপ্টেম্বর, বুধবার কর্পোরেশন পর্ষদ সভাকক্ষে বিএইচবিএফসি'র দক্ষ মহাব্যবস্থাপক জনাব মো. জসীম উদ্দীন-এঁর অবসরজনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে এদিন অপরাহ্ন ৪টায় এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, চার মহাব্যবস্থাপক ও সদর দফতরের উপমহাব্যবস্থাপকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটির বিদায়ী এ নির্বাহী তাঁর হৃদয়গ্রাহী বক্তব্যে দীর্ঘ ৩২ বছরের কর্মজীবনের অভিজ্ঞতা শেয়ার করেন। দায়িত্ব পালনকালে সকলের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে তিনি প্রতিষ্ঠানটির সফলতা এবং সকলের মঙ্গল কামনা করেন।


## মহাব্যবস্থাপক জনাব প্রলয় কুমার ভট্টাচার্য্য-এঁর বিদায় সংবর্ধনা



গত ২৮ সেপ্টেম্বর, বুধবার বিএইচবিএফসি'র মহাব্যবস্থাপক জনাব প্রলয় কুমার ভট্টাচার্য্য-এঁর স্বেচ্ছা অবসরজনিত বিদায় সংবর্ধনা প্রতিষ্ঠানের পর্ষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংবর্ধনা সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ এবং সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। বিদায়ী অতিথির বক্তব্যে জনাব প্রলয় কুমার ভট্টাচার্য্য প্রতিষ্ঠান আয়োজিত বিদায়ী আনুষ্ঠানিকতা এবং তাঁর কর্মজীবনের ইতিবাচক মূল্যায়নের জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জানান।

# ব্যবসায়িক অর্জনে অনন্য রেকর্ড

শ্রেণীকৃত ঋণ হ্রাস ও মুনাফা অর্জনে অনন্য রেকর্ড গড়েছে বিএইচবিএফসি। এ যাবৎকালের সর্বোচ্চ ঋণ বিতরণ ও খেলাপি ঋণ আদায়ের হাত ধরে এ সাফল্য ঘরে এসেছে প্রতিষ্ঠানটির। কোনও সরকারি প্রতিষ্ঠানের জন্য শ্রেণীকৃত ঋণের হার সাড়ে চারের সামান্য বেশি, এটি একবিংশ শতাব্দীর বাংলাদেশের জন্য নতুন অভিজ্ঞতা! মাত্র ১১০ কোটি টাকার পরিশোধিত মুলধন যার পুঁজি, দীর্ঘ পথপরিক্রমা শেষে একবছরে তার ২৩০ কোটি টাকার মুনাফা অর্জনটাও চমকপ্রদ বটে! দেশের সামষ্টিক অর্থনীতির দাড়ি-পাল্লায় একবছরে ৫৮৯ কোটি টাকার ঋণ বিতরণ কিংবা ২৩০ কোটি টাকার মুনাফা অর্জন সামান্য সংখ্যাই মনে হবে। তবে, ব্যষ্টিক অর্থনীতির চোখে বিএইচবিএফসি'র এ অর্জনের রেখাচিত্রের প্রান্তবিন্দু হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গে। কোন একক অর্থবছরে প্রায় দুই হাজার নতুন গ্রাহককে প্রায় সাড়ে আট হাজার গৃহ ইউনিট নির্মাণে ৭১৫ কোটি টাকার ঋণ মঞ্জুরীটাও বিএইচবিএফসি'র সত্তর বছরের ইতিহাসে সর্বোচ্চ অর্জন। অর্জন নির্দেশক অন্যান্য সূচকেও রেকর্ড আকাশচুম্বী। বিএইচবিএফসি'র এসব সাফল্য অর্জনে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন প্রতিষ্ঠানটির সুযোগ্য ব্যবস্থাপনা পরিচালক। তিনি ২০২১-২০২২ অর্থবছরে সকল সরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহীদের মধ্য থেকে শুদ্ধাচার পুরস্কারজয়ী ব্যাংকার জনাব মো. আফজাল করিম। সংশ্লিষ্ট সকলের অক্লান্ত পরিশ্রমের ফসল এ সাফল্য উল্লেখ করে তিনি প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীদের এর কৃতিত্ব দিয়েছেন। এসব অর্জনের গল্প লেখা হয়েছে দেশের জনপ্রিয় দৈনিক পত্রিকাসমূহে; উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ:




## এপিএ বাস্তবায়নে পুনরায় প্রথম

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে টানা তৃতীয়বারের মতো প্রথম স্থান অর্জন করেছে বিএইচবিএফসি। গত ৩০ আগস্ট অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)'র যুগ্মসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট জনাব মাকছুমা আকতার বানু স্বাক্ষরিত এতদসংক্রান্ত ফলাফলপত্রে প্রতিষ্ঠানের কৃতিত্বপূর্ণ এ সাফল্যের তথ্য প্রকাশিত হয়। এফআইডি'র আওতাধীন তিন ক্যাটাগরীর মোট ১৮টি দফতর/সংস্থা ২০২১-২০২২ অর্থবছরে এ বিভাগের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে। এবছরও বিএইচবিএফসি'র প্রাপ্ত নম্বর ক্যাটাগরী নির্বিশেষে উক্ত ১৮টি প্রতিষ্ঠানের মধ্য সর্বোচ্চ। এপিএ-তে সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম স্থান অর্জন করায় বিএইচবিএফসি'র এপিএ টিম লিডার ও ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব অরুন কুমার চৌধুরী তাৎক্ষণিক এক প্রতিক্রিয়ায় এফআইডি'র সংশ্লিষ্ট সকল নির্বাহী, বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যানসহ সকল পরিচালকবৃন্দ এবং সাবেক ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আফজাল করিম মহোদয়কে অভিনন্দন জানান। এ অর্জন বাস্তবায়নে তাঁদের নেতৃত্ব, নির্দেশনা এবং সর্বাত্মক সহযোগিতার জন্য তিনি তাঁদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতাও প্রকাশ করেন।

এসময় তিনি এ সাফল্যকে কর্পোরেশনের মাঠপর্যায়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীদের নিরন্তর নিরলস পরিশ্রমের ফসল মর্মেও অভিহিত করেন এবং সকলকে অভিনন্দন জানান।




গৃহঋণবার্তা
বিএইচবিএফসি'র বিশেষ প্রকাশনা

প্রধান পৃষ্ঠপোষক
**মো. আব্দুল মান্নান**
ব্যবস্থাপনা পরিচালক

নির্বাহী সম্পাদক
**অরুন কুমার চৌধুরী**
উপব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক
**মো. বদিউজ্জামান**
উপমহাব্যবস্থাপক
মার্কেটিং এন্ড ডেভেঃ বিভাগ

সহযোগী সম্পাদক
**মো. রফিকুল ইসলাম**
প্রিন্সিপাল অফিসার
ট্রেনিং ইনস্টিটিউট

শিল্প সম্পাদক
**মো. ইমতিয়াজুল ইসলাম**
সিনিয়র অফিসার
পিএইচআরডি বিভাগ

প্রকাশনা
**পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ**
বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd